# আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحۡمَٰن

আয়াতঃ ৫৫ : ৪৪

## আরবি মূল আয়াত:

يَطُوفُونَ بَيۡنَهَا وَ بَيۡنَ حَمِيمٍ اٰنٍ ﴿۴۴﴾

## অনুবাদসমূহ:

তারা ঘুরতে থাকবে জাহান্নাম ও ফুটন্ত পানির মধ্যে। — আল-বায়ান

সেই জাহান্নাম আর ফুটন্ত পানিতে তারা ঘুরপাক খেতে থাকবে। — তাইসিরুল

তারা জাহান্নামের আগুন ও ফুটন্ত পানির মধ্যে ছুটাছুটি করবে। — মুজিবুর রহমান

They will go around between it and scalding water, heated [to the utmost degree]. — Sahih International

৪৪. তারা জাহান্নামের আগুন ও ফুটন্ত পানির মধ্যে ঘুরাঘুরি করবে।(১)

(১) অর্থাৎ জাহান্নামের মধ্যে বারবার পিপাসার্ত হওয়ার কারণে তাদের অবস্থা হবে অত্যন্ত করুণ। দৌড়িয়ে দৌড়িয়ে পানির ঝর্ণার দিকে যাবে। কিন্তু সেখানে পাবে টগবগে গরম পানি যা পান করে পিপাসা মিটবে না। [কুরতুবী; ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৪৪) তারা জাহান্নামের আগুন ও ফুটন্ত পানির মধ্যে ছুটাছুটি করবে। [1]

[1] অর্থাৎ, কখনো তাদেরকে জাহান্নামের শাস্তি দেওয়া হবে, আবার কখনো مَاءٌ حَمِيۡمٌ ‘ফুটন্ত পানি’ পান করার শাস্তি দেওয়া হবে। اٰنٍ গরম অর্থাৎ, অতীব গরম ফুটন্ত পানি। যে পানি তাদের নাড়ীভুঁড়ি গলিয়ে দেবে। أَعَاذَنَا اللهُ مِنۡهَا

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন